

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরো (বিএমডি)
১৫৩, পাইওনিয়ার রোড, সেগুনবাগিচা, ঢাকা
www.bomd.gov.bd

খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরো (বিএমডি)-এর বার্ষিক কর্মপরিকল্পনা অনুযায়ী উদ্ভাবনী কার্যক্রম/উদ্যোগ বাস্তবায়নের বিষয়ে
জুন, ২০২১ মাসে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী।

সভাপতি : মোঃ মামুনের রশীদ, উপপরিচালক, খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরো (বিএমডি)
তারিখ : ১০.০৬.২০২১ খ্রি.
সময় : সকাল ১১.০০ টা
স্থান : বিএমডির সভা কক্ষ।
উপস্থিত সদস্য : পরিশিষ্ট-ক

বার্ষিক কর্মপরিকল্পনা অনুযায়ী উদ্ভাবনী কার্যক্রম/উদ্যোগ বাস্তবায়নের বিষয়ে আলোচনার লক্ষ্যে বিএমডির ইনোভেশন কমিটির সভাপতি জনাব মোঃ মামুনের রশীদ, উপপরিচালক-এর সভাপতিত্বে বিএমডির সভা কক্ষে একটি সভা অনুষ্ঠিত হয়।


২.০ আলোচনা :

২.১ উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভাপতি সভার কার্যক্রম শুরু করেন। সভাপতি শুরুতেই করোনা পরিস্থিতি নিয়ে আলোচনা করেন এবং সকলকে সতর্ক থাকার পরামর্শ দেন। তিনি উল্লেখ করেন যে, রূপকল্প ২০২১ বাস্তবায়নে এবং দাপ্তরিক কাজে গতিশীলতা আনয়নে সরকারি কর্মকর্তা-কর্মচারীদের উদ্ভাবনী উদ্যোগ গ্রহণের মাধ্যমে নাগরিক, প্রাতিষ্ঠানিক ও অভ্যন্তরীণ সবধরনের সেবাকে অধিকতর দ্রুত ও সহজ করার লক্ষ্যে নতুন নতুন উদ্ভাবনী উদ্যোগ গ্রহণ করা আবশ্যিক। ইনোভেশন টিমের সদস্য সচিব জনাব আজিজুল হক সভায় অবহিত করেন যে, বিএমডির ২০২০-২০২১ অর্থবছরে ০৩ টি উদ্ভাবনী কর্মপরিকল্পনা রয়েছে। ১. ল্যানভিত্তিক ফটোকপি/প্রিন্টিং পদ্ধতি চালুকরণ, ২. মহামান্য সুপ্রিম কোর্টের হাইকোর্ট বিভাগ ও আপিল বিভাগে দায়েরকৃত 'বিএমডি সংক্রান্ত মামলাসমূহের তথ্যাদি ডিজিটাল রেজিস্টার/আর্কাইভে' সংরক্ষণ; এবং ৩. বিএমডির সেবাগ্রহীতা/সেবাপ্রত্যাশীদের জন্য ফ্রন্ট ডেস্ক/অপেক্ষাগারে একটি কিয়স্ক (Kiosk) মেশিন স্থাপনের মাধ্যমে 'নাগরিক সেবা (সিটিজেন চার্টার)' প্রদর্শন। সভায় জানানো হয় 'ল্যানভিত্তিক ফটোকপি পদ্ধতি' এবং বিএমডির সেবাগ্রহীতা/সেবাপ্রত্যাশীদের জন্য ফ্রন্ট ডেস্ক/অপেক্ষাগারে কিয়স্ক (Kiosk) মেশিন

ইতোমধ্যে চালু করা হয়েছে। কমিটির সদস্য মোসাঃ মাহবুবা খাতুন জানান, উদ্ভাবন খাতে পর্যাপ্ত বরাদ্দ অবশিষ্ট না থাকায় এই অর্থবছরে বিএমডির মামলা সংক্রান্ত তথ্যাদি ডিজিটাল রেজিস্টার/আর্কাইভ তৈরি সম্ভব হবে না। এ প্রেক্ষিতে সভাপতি আগামী অর্থবছরে পরবর্তী প্রয়োজনীয়তা সাপেক্ষে ডিজিটাল রেজিস্টার/আর্কাইভ বাস্তবায়নের জন্য নির্দেশনা প্রদান করেন।

৩.০ সিদ্ধান্ত : ২০২১-২০২২ অর্থবছরে ডিজিটাল রেজিস্টার/আর্কাইভ বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়।

৪.০ সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সকলকে আন্তরিক ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করেন।



২০'০৬'২০২১

মোঃ মামুনুর রশীদ
সভাপতি, ইনোভেশন
কমিটি

ও

উপপরিচালক
খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরো
(বিএমডি)

স্মারক নং : ২৮.০৭.০০০০.০০৪.৩৭.০০১.১২(অংশ-২). ৪৬৬

তারিখ ২৭ জ্যৈষ্ঠ ১৪২৮
২০ জুন ২০২১

অনুলিপি : সদয় অবগতি/অবগতি ও কার্যার্থে

১। সিনিয়র সচিবের একান্ত সচিব, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ (দু.আ. চিফ ইনোভেশন অফিসার, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ);

২। কর্মকর্তা (সকল).....বিএমডি, ঢাকা;

৩। সংশ্লিষ্ট নথি।



২০'০৬'২০২১

মোঃ মামুনুর রশীদ
উপপরিচালক